গাংনীতে বিদেশি পিস্তল ও গুলিসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে যৌথবাহিনীর হাতে বিদেশি পিস্তল ও গুলিসহ একজন আটক হয়েছে।

আটককৃত গোলাম মোস্তফা ডাকু গাংনী পৌরসভার ৫নং ওয়ার্ড চৌগাছা গ্রামের (ভিটাপাড়া এলাকার) মৃত আজিজুল হকের ছেলে। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, তিন রাউন্ড গুলি ও দুটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

গতকাল রবিবার ভোর সাড়ে চারটার সময় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানির একটি অভিযানিক দল গাংনী সেনাবাহিনীর সহায়তায় তার নিজ বাড়িতে যৌথ অভিযান চালিয়ে তাকে আটক করে।

গতকাল রবিবার সকাল ৯টার সময় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানি কমান্ডারের কার্যালয়, ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২ ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ এর কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান জানান, আসামির বিরুদ্ধে বিভিন্ন থানায় অস্ত্র, বিস্ফোরক দ্রব্য ও মাদক মামলাসহ একাধিক মামলা রয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে ১৮৭৮ সালের অস্ত্র আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।